



বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন  
আইইবি ভবন, রমনা, ঢাকা - ১০০০।  
ইঞ্জিনিয়ারিং এন্ড অপারেশন্স বিভাগ

স্মারক নম্বর: ১৪.৩২.০০০০.৮০০.৩৭.০০৩.১৮.১৭৭০

তারিখ: ২০ অগ্রহায়ণ ১৪২৫  
০৪ ডিসেম্বর ২০১৮

বিষয়: অনুমোদনহীন/ মেয়াদোত্তীর্ণ সংযোগ বিচ্ছিন্নকরণ প্রসঙ্গে।

বিষয়ের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বিদ্যমান বিধি-বিধান অনুযায়ী Short Code ব্যবহারের জন্য অনুমোদনপ্রাপ্ত প্রতিষ্ঠানসমূহ তাদের কোড সক্রিয় করার বা Parking এর জন্য বিটিআরসি'র পূর্বানুমোদন গ্রহণ স্বাপেক্ষে বিভিন্ন PSTN/ IPTSP হতে প্রয়োজনীয় সংযোগ গ্রহণের বাধ্যবাধকতা রয়েছে। এরূপ অনুমোদন নির্দিষ্ট মেয়াদের জন্য প্রদান করা হয় বিধায় মেয়াদোত্তীর্ণের পূর্বেই আবেদনপূর্বক মেয়াদ বর্ধিত সংক্রান্ত অনুমোদন গ্রহণের বাধ্যবাধকতাও রয়েছে।

০২। অথচ, সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, Short Code ব্যবহারকারী এরূপ বিভিন্ন প্রতিষ্ঠান, যাদের সংযোগ গ্রহণের অনুমোদন নেই অথবা অনুমোদন থাকলেও তাঁর বৈধ মেয়াদ নেই তাদেরকে বিভিন্ন PSTN/ IPTSP হতে প্রয়োজনীয় সংযোগ প্রদান করা হয়েছে। অনুমোদনহীন/ মেয়াদোত্তীর্ণ এরূপ সংযোগ প্রদান সংক্রান্ত কার্যক্রম/ আচরণ বিদ্যমান বিধি-বিধানের সুস্পষ্ট লঙ্ঘন এবং তা বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন ২০০১ অনুযায়ী একটি শাস্তিযোগ্য অপরাধ।

০৩। এমতাবস্থায়, সকল PSTN/ IPTSP প্রতিষ্ঠানকে Short Code সক্রিয় করার বা Parking এর উদ্দেশ্যে কমিশন হতে সংযোগ ব্যবহারের জন্য পৃথকভাবে অনুমোদন প্রদান করা হয়নি অথবা অনুমোদন প্রদান করা হলেও তাঁর বৈধ মেয়াদ সমাপ্ত হয়েছে এরূপ সকল সংযোগ অনতিবিলম্বে বিচ্ছিন্ন করার জন্য নির্দেশনা প্রদান করা হলো। একই সাথে, ভবিষ্যতেও এ বিষয়ে সতর্ক দৃষ্টি রাখার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

৪-১২-২০১৮

প্রকৌঃ মোঃ মেহফুজ বিন খালেদ  
উপ-পরিচালক

বিতরণ :

- ১) চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা, PSTN অপারেটর (সকল)।
- ২) চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা, IPTSP অপারেটর (সকল)।

স্মারক নম্বর: ১৪.৩২.০০০০.৮০০.৩৭.০০৩.১৮.১৭৭০/১(৫)

তারিখ: ২০ অগ্রহায়ণ ১৪২৫  
০৪ ডিসেম্বর ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব/ভাইস-চেয়ারম্যান ও কমিশনার মহোদয়গণের ব্যক্তিগত কর্মকর্তাবৃন্দ, বিটিআরসি (ইহা মহোদয়গণের সদয় অবগতির জন্য)

৪-১২-২০১৮

মোঃ জাহাঙ্গীর আলম  
সহকারী পরিচালক